

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-২ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.১৩৫.২০১৩-৯২৫

তারিখঃ ০৭.০৪.২০১৪ খ্রিঃ

আদেশ


যেহেতু ডাঃ এস, এম, রমিজ আহমেদ(১২০৯৭১), প্রাক্তন সহকারী রেজিষ্ট্রার, শিশু সার্জারী, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি)ও (সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে' কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান করেন এবং ১২.০১.২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তাঁর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত হয়নি বিধায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু ডাঃ এস, এম, রমিজ আহমেদ(১২০৯৭১), প্রাক্তন সহকারী রেজিষ্ট্রার, শিশু সার্জারী, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শনো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২) (এ) বিধি মোতাবেক তাঁকে তিরস্কার (Censure) করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

  
(এ.এম.বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস


তেজগাঁও, ঢাকা।

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.১৩৫.২০১৩- ৯২৫/৯ (৭)

তারিখঃ ০৭.০৪.২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক (এম আইএস) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
- ৪। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। উপ-সচিব, পার-৩ অধিশাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। ডাঃ এস, এম, রমিজ আহমেদ (১২০৯৭১), প্রাক্তন সহকারী রেজিষ্ট্রার, শিশু সার্জারী, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা(বর্তমানে এম এস (ইউরোলজী)-ফেজ-এ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়-এ অধ্যায়নরত)।

  
(ফারজানা সুলতানা)

সিনিয়র সহকারী সচিব

ফোন-৯৫৪৫০২৮

[Sasdisc2@mohfw.gov.bd](mailto:Sasdisc2@mohfw.gov.bd)